যায়যায়দিন

14 AUG 2007

### সেমিনারে ইউজিসির চেয়ারম্যান

# অভিভাবক ও ছাত্রদের ঠকাচ্ছে কিছু প্রাইভেট ইউনিভার্সিটি

যাযাদি রিপোর্ট

সেমিনার

ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলাম বলেছেন, কিছু প্রাইভেট ইউনিভার্সিটি দেশের স্বার্থ বিরোধী কাজ করছে। শিক্ষার নামে তারা অভিভাবক ও ছাত্রদের ঠকাচ্ছে। প্রতিদিনই এদের বিরুদ্ধে অবিশ্বাস্য অভিযোগ আসছে। তিনি বলেন, এসব অভিযোগের সত্যতা যাচাই করতে গেলে তদন্ত কমিটি যথেষ্ট নয়, তদন্ত কমিশন গঠন করতে হবে। তিনি এ বিষয়ে প্রাইভেট ইউনিভার্সিটির মালিক ও ভিসিদের সতর্ক করে দেন।

গতকাল সোমবার রাজধানীর তোপখানা রোডে ক্যাম্পাস অডিটরিয়ামে প্রাইভেট ইউনিভার্সিটি ও ইউজিসির পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ইউনিভার্সিটি ক্যাম্পাস পত্রিকা এ সেমিনারের আয়োজন করে।

প্রফেসর নজরুল ইসলাম প্রাইভেট ইউনিভার্সিটিগুলোর দৃষ্টি আকর্ষণ করে বলেন, যে শর্ত নিয়ে ইউনিভার্সিটি গড়ে তুলেছেন অবিলম্বে সেসব শর্ত পূরণের চেষ্টা করেন। একবার যখন বিষ পান করেছেন তা হজম করার চেষ্টা করতে হবে। তিনি বলেন, ইউজিসিতে সব প্রাইভেট ইউনিভার্সিটির তথ্য থাকতে হবে। গ্রহণযোগ্য সিলেবাস ও সব ক্রাইটেরিয়া মেইনটেইন করে এলে সঙ্গে সঙ্গে নতুন বিষয় খোলার অনুমোদন দেয়া হবে।

নজরুল ইসলাম আউটার ক্যাম্পাস সম্পর্কে বলেন, গতকালও এক ঘণ্টায় তার কাছে তিনটি অভিযোগ এসেছে। এসব ক্যাম্পাস জনস্বার্থ বিরোধী এবং সামগ্রিকভাবে প্রাইভেট ইউনিভার্সিটির সুনাম ক্ষুণ্ন করছে। রেসিডেনশিয়াল এলাকায় আর কোনো প্রাইভেট ইউনিভার্সিটির ক্যাম্পাস স্থাপন না করার আহ্বান জানান তিনি।

সেমিনারে অন্যদের মধ্যে আলোচনায় অংশ নেন ইউএসটিসির প্রতিষ্ঠাতা ভিসি ও জাতীয় প্রফেসর ডা. নুরুল ইসলাম, বুয়েটের সাবেক ভিসি ও ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিকের ভিসি প্রফেসর ড. আবদুল মতিন পাটওয়ারী, ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটির ভিসি প্রফেসর ড. বজলুল মোবিন চৌধুরী, গণ ইউনিভার্সিটির ট্রাস্টি ডা. জাফরুল্লাহ চৌধুরী, সাউথ-ইস্ট ইউনিভার্সিটির ভিসি প্রফেসর ড. এম শমশের আলী, ওয়ার্ল্ড ইউনিভার্সিটির ভিসি প্রফেসর ড. আবদুল মান্নান চৌধুরী, গ্রিন ইউনিভার্সিটির ভিসি প্রফেসর ড. ইউসুফ আলী প্রমুখ।